তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ২/১৬ কলাম ৬

সংবাদ

৩৫তম বিসিএস

# ৩৯৫ জনকে প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ

নিজস্ব বার্তা পরিবেশক

৩৫তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা ক্যাডার পদে নিয়োগ পায়নি তাদের মধ্য থেকে ৩৯৫ জনকে প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। গতকাল বিকেলে পিএসসি এ সুপারিশ করে বলে সংস্থার কর্মকর্তারা জানিয়েছেন। তারা আরও জানান, নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা অনুযায়ী ৩৫তম বিসিএসে উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পদে নিয়োগের সুপারিশ পায়নি তাদের মধ্য থেকে মেধাক্রম ও বিদ্যমান কোটা পদ্ধতির ভিত্তিতে ৩৯৫ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। তবে তথ্য বিভ্রাটের কারণে তিনজনের ফল স্থগিত রাখা হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে সর্বোচ্চ সমাজসেবা অধিদফতরের সমাজসেবা ৩৫তম : পৃষ্ঠা : ২ ক : ৫

## ৩৫তম : বিসিএস

(১৬ পৃষ্ঠার পর)

কর্মকর্তা পদে ২০০ জন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরের সহকারী প্রকৌশলী ৪৮ জন, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক পদে ২০ জনসহ ৪৩টি সরকারি দফতর ও সংস্থায় ৩৯৫ জনকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে।

৩৫তম বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে সুপারিশ দেয়া শেষ হলে পিএসসি দ্বিতীয় শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করবে।

এর আগে ৩৫তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় পাঁচ হাজার ৫১৭ জন পাস করে। এদের মধ্য থেকে বিভিন্ন ক্যাডারে দুই হাজার ১৫৮ জনকে নিয়োগের সুপারিশ করে কর্মকমিশন।

পরে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পদ পায়নি তাদের মধ্যে যারা প্রথম ও দ্বিতীয় শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগ পেতে ইচ্ছুক তাদের কাছে আবেদন আহ্বান করে পিএসসি। এতে দুই হাজার ৬০০ জন প্রার্থী আবেদন করে।

গত ২৮তম বিসিএস থেকে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা কোন ক্যাডায় পায়নি তাদের মধ্য থেকে প্রথমবারের মতো প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগ দেয়া হয়। এক বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশের পর আরেকটি বিসিএসে উত্তীর্ণদের নিয়োগের আগ পর্যন্ত আগের বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে প্রথম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগ দেয়া হয়।

পরবর্তীতে ২০১৪ সালের ১৭ জুন নন-ক্যাডার নিয়োগ (বিশেষ) বিধিমালা ২০১০ সংশোধন করা হয়। এতে বিসিএস উত্তীর্ণদের মধ্য থেকে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা নিয়োগের সুযোগ দেয়া হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ.....................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর